



মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর

www.jessoreboard.gov.bd

স্মারক সংখ্যা-বিঅ-৬/৭০১০/১২

তারিখ : ১৫-০১-২০২৪ খ্রি.

বিষয় : এডহক কমিটি গঠনের অনুমতি প্রসঙ্গে।

সূত্র : ক) প্রধান শিক্ষকের ২৩-১১-২০২৩ খ্রি. তারিখের অনলাইন আবেদন (আইডি নং-২২৯৬০)।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, মাগুরা জেলার সদর উপজেলাধীন বাহারবাগ মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক গত ২৩-১১-২০২৩ খ্রি. তারিখে এডহক কমিটি গঠনের অনুমতির জন্য আবেদন দাখিল করেন এবং সংযুক্তিতে বিজ্ঞ সিনিয়র সহকারী জজ আদালত, মাগুরা সদর, মাগুরা-এর ওসি ৯১৪/২০২৩ নং মোকদ্দমার আরজী, অস্থায়ী নিষেধাজ্ঞার দরখাস্ত ও আদেশের কপি দাখিল করেছেন। ওসি ৯১৪/২০২৩ নং মোকদ্দমা পর্যালোচনায় দেখা যায় মোছাঃ সারবিনা খাতুন বর্ধিত বিদ্যালয়ের ম্যানেজিং কমিটি গঠনের জন্য তপশীল ঘোষণার পর বিজ্ঞ আদালতে অস্থায়ী নিষেধাজ্ঞার দরখাস্ত দাখিল করেন এবং বিজ্ঞ আদালত বাদীপক্ষের অস্থায়ী নিষেধাজ্ঞার দরখাস্ত শুনানী-অন্তে গত ০৫-১১-২০২৩ খ্রি. তারিখে নামঞ্জুর করেন। ফলে বর্ধিত বিদ্যালয়ে ম্যানেজিং কমিটি গঠনের আইনগত কোনো বাধা নাই মর্মে বিজ্ঞ আইন উপদেষ্টা মতামত দাখিল করেছেন।

এমতাবস্থায়, বিজ্ঞ আইন উপদেষ্টার মতামত অনুযায়ী মাগুরা জেলার সদর উপজেলাধীন বাহারবাগ মাধ্যমিক বিদ্যালয়ে নিয়মিত ম্যানেজিং কমিটি গঠনের লক্ষ্যে মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর (মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক স্তরের বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের গর্ভনিং বডি ও ম্যানেজিং কমিটি) প্রবিধানমালা-২০০৯ এর প্রবিধান ৩৯ অনুসারে এডহক কমিটি গঠনের অনুমতি প্রদান করা হলো। আগামী ৩০ (ত্রিশ) দিনের মধ্যে বিধিমোতাবেক এডহক কমিটি গঠন করে অনুমোদনের জন্য সোনালী সেবার মাধ্যমে বোর্ড তহবিলে ৩,০০০/- (তিন হাজার) টাকা ফিস এবং প্রয়োজনীয় কাগজপত্রসহ অনলাইনে আবেদন দাখিল করার জন্য আপনাকে নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে

স্বাক্ষরিত

(মোঃ সিরাজুল ইসলাম)

বিদ্যালয় পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর

ফোন নম্বর-০২৪৭৭৭৬২৭০৫

প্রধান শিক্ষক

বাহারবাগ মাধ্যমিক বিদ্যালয় (১১৭৯২৪)

শক্রেজিৎপুর, মাগুরা সদর, মাগুরা

তারিখ : ১৫-০১-২০২৪ খ্রি.

স্মারক সংখ্যা-বিঅ-৬/৭০১০/১২(১-৬)

অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরিত হলো :

- ১। জেলা প্রশাসক, মাগুরা।
- ২। উপজেলা নির্বাহী অফিসার, মাগুরা সদর, মাগুরা।
- ৩। জেলা শিক্ষা অফিসার, মাগুরা।
- ৪। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, মাগুরা সদর, মাগুরা।
- ৫। জনাব মোছাঃ সারবিনা খাতুন, রিট কারী।
- ৬। সংরক্ষণ নথি।

(Signature)

২৫/০১/২০২৪

বিদ্যালয় পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড

যশোর

(Signature)
২৫/০১/২৪